



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

সার্কুলার লেটার নং- কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৭-২০১৮/ ১৫৭২

তারিখ- ০৪.০৪.২০১৮

সকল আঞ্চলিক ব্যবস্থাপক /

সকল শাখা ব্যবস্থাপক

কর্মসংস্থান ব্যাংক

বিষয়ঃ কর্মসংস্থান ব্যাংক টার্ম ডিপোজিট স্কীমের আমানতের সুদ হার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের সার্কুলার লেটার নং- কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৭-২০১৮/২৩২(২৯২) তারিখ ২১.০৮.২০১৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত পত্রে বর্ণিত কেবিটিডিএস হিসাবের মেয়াদকাল ও সুদের/লাভের হার পুনঃনির্ধারণের বিষয়টি পরিচালনা বোর্ডের ২৭.০৩.২১০৮ তারিখে অনুষ্ঠিত ২৫৯ তম সভায় নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হয়, যা এ সার্কুলার লেটার জারীর তারিখ হতে কার্যকর হবে:

ক্রমিক নং	আমানতের ধরন	বিদ্যমান সুদ হার	পুনঃনির্ধারিত সুদ হার
০১	কেবিটিডিএস (টার্ম ডিপোজিট/ এফডিআর)	ক. ০৩ মাস পর্যন্ত-৪.৫০%	ক. ০৩ মাস পর্যন্ত-৫.২৫%
		খ. ০৬ মাস পর্যন্ত-৪.৭৫%	খ. ০৬ মাস পর্যন্ত-৫.৫০%
		গ. ০১ বছর পর্যন্ত-৫.০০%	গ. ০১ বছর পর্যন্ত-৬.০০%


০৩। উল্লেখ্য, এ পত্র জারীর পূর্ব পর্যন্ত বিদ্যমান কেবিটিডিএসসমূহের বিপরীতে গ্রাহককে প্রদত্ত রশিদে বর্ণিত সুদের হার অপরিবর্তিত থাকবে অর্থাৎ চুক্তি মোতাবেক হিসাবায়ন হবে। তবে বিদ্যমান কেবিটিডিএস নবায়ন হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে।

০৪। ব্যাংকের সিটিজেন চার্টার ও লিফলেট বিতরণকালে পুনঃনির্ধারিত সুদের হার সংশোধন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

০৫। ইতোপূর্বে জারীকৃত পরিপত্র এবং সার্কুলার লেটারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


(মোহাম্মদ জাবির হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক


(বিভাগীয় দায়িত্বে)

তারিখ- এ

সূত্র নং- কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৭-২০১৮/ ১৫৭২ (৩০২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে সংগ্রহ করার অনুরোধসহ):

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগকে সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।
- ৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ৭। অফিস নথি।


(মোহাম্মদ আবু সাঈদ)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার